



তথ্যবিবরণী

নম্বর-২৪০

২৫ মার্চ গণহত্যা দিবস এবং মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২৬ চৈত্র (০৯ এপ্রিল):

আজ বুধবার (৯ এপ্রিল) সকালে রাজশাহী জেলা তথ্য অফিস এর আয়োজনে সিরোইল মসজিদ মিশন একাডেমির হলরুমে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে স্মৃতিচারণ করেন বীর মুক্তিযোদ্ধা মো. নজরুল ইসলাম খোকা।

স্মৃতিচারণকালে নজরুল ইসলাম বলেন, ২৫ মার্চ রাজশাহী পুলিশ লাইসে পাকিস্তানি হানাদার বাহিনী পুলিশদের আত্মসমর্পণ করতে বলে। কিন্তু তারা এতে রাজি না হলে তাদের উপর নিমর্মভাবে আক্রমণ চালানো হয়। এতে অনেক পুলিশ সদস্য শহিদ হন।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের প্রথম ধাপ শুরু হয়েছিল বৈষম্য নিরসনে। এটি ছিল একটি জনযুদ্ধ। অনেক মানুষের রক্ত, আত্মত্যাগ ও মা-বোনদের সম্রমের বিনিময়ে এদেশ স্বাধীনতা লাভ করে।

৭১ ও ২৪ কে এক করে অনেকের বক্তৃতা প্রদানের কথা উল্লেখ করে নজরুল ইসলাম বলেন, ৭১ ও ২৪ এক নয়। ২৪ শে একটি সফল আন্দোলন সংঘটিত হয়েছে যার ফলে আমরা বাকস্বাধীনতা ফিরে পেয়েছি। কিন্তু ৭১ এর জনযুদ্ধে আমরা স্বাধীন দেশ পেয়েছি। ২৪ কে খাটো করে দেখার কিছু নেই। তবে ২৪ কিন্তু ৭১ এর সমকক্ষ নয়।

জেলা তথ্য অফিসের উপপরিচালক মোসা. নাফেয়ালা নাসরীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মো. তৌহিদুজ্জামান ও মসজিদ মিশন একাডেমির প্রধান শিক্ষক মো. এনামুল হক। অনুষ্ঠানে সিনিয়র তথ্য অফিসার মো. আতিকুর রহমান শাহসহ আঞ্চলিক তথ্য অফিস ও জেলা তথ্য অফিসের কর্মকর্তা-কর্মচারী, মসজিদ মিশন একাডেমির শিক্ষক-শিক্ষার্থী এবং মহিলা সংস্থার প্রশিক্ষণার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৪.৪০ঘ.